যুগান্তর

তারিখ 27 DEC 2017
পৃষ্ঠা ৩ কলাম [illegible]

ডিএনসিসির উচ্ছেদ অভিযান

# ছয় কোচিং সেন্টারের লাইসেন্স বাতিল

**যুগান্তর রিপোর্ট**

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) মঙ্গলবার রাজধানীর বিভিন্ন এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালনা করেছে। এসব অভিযানে অর্ধশত অবৈধ স্থাপনা অপসারণ করা হয়েছে। পাশাপাশি অবৈধ ব্যানার পোস্টার সাঁটানোর কারণে ৬টি কোচিং সেন্টারের ট্রেড লাইসেন্স বাতিল করা হয়েছে। মঙ্গলবার সকালে গাবতলী এলাকায় এ উচ্ছেদ অভিযান পরিচালনা করেন ডিএনসিসির নির্বাহী ম্যাজিস্ট্রেট সাজ্জিদ আনোয়ার।

## অর্ধশত অবৈধ স্থাপনা অপসারণ

**ট্রেড লাইসেন্স বাতিল ৬ কোচিং সেন্টারের :** অবৈধ বিজ্ঞাপন প্রচারণার দায়ে ট্রেড লাইসেন্স বাতিল করা কোচিং সেন্টারগুলোর মধ্যে রয়েছে— ইউসিসি কোচিং সেন্টার (ফার্মগেট), ইউনিএইড কোচিং সেন্টার (ফার্মগেট), আইকন কোচিং সেন্টার (ফার্মগেট), আইকন প্লাস কোচিং সেন্টার (ফার্মগেট), ওমেগা কোচিং সেন্টার (ফার্মগেট) ও প্যারাগন কোচিং সেন্টার (ফার্মগেট)।

এ দুটি বিষয়ে ডিএনসিসির জনসংযোগ কর্মকর্তা এএসএম মামুন যুগান্তরকে বলেন, আইনবহির্ভূতভাবে ডিএনসিসির সম্পত্তি দখল করায় গাবতলী টার্মিনাল এলাকায় অবৈধ স্থাপনা অপসারণে অভিযান পরিচালনা করা হয়েছে। এছাড়া অবৈধভাবে পোস্টার লাগানোর বিষয়ে ট্রেড লাইসেন্স বাতিল হওয়া কোচিং সেন্টারগুলোকে ইতিপূর্বেও সতর্ক করা হয়েছিল। এরপরও সংশোধন না হওয়ায় সিটি কর্পোরেশন (ট্যাক্সেশন) রুলস-১৯৮৬ অনুযায়ী তাদের ট্রেড লাইসেন্স বাতিল করা হয়েছে।